কেস স্টাডি

পথের পাঁচালী গ্রাম বাংলার একটি গরীব পরিবারের গল্প। হরিহর রায় এই পরিবারের কর্তা। এই পরিবারের দুই সন্তান দুর্গা ও অপু। দুর্গা বড় ,সে খুব চঞ্চল ও সাহসী সে  পুকুর, মাঠে ঘাটে ঘুরে বেড়াতে খুব ভালোবাসে। অপু ছোট, সে দিদির সঙ্গে ঘুরে ঘুরে চারপাশের প্রকৃতি দেখতে ভালোবাসে। দিদি ও ভাইয়ের সম্পর্ক খুব সুন্দর ও মধুর। অভাবের সংসারে দুর্গাকে অনেক কষ্ট সহ্য করতে হয়। ঠিকমতো খাবার ও চিকিৎসার অভাবে একদিন দুর্গা অসুস্থ হয়ে মারা যায়। দুর্গার মৃত্যুতে মা সর্বজয়া খুব দুঃখ পান এবং অপু খুব একা হয়ে যায়। এই গল্পের মাধ্যমে লেখক আমাদের গরীব মানুষের জীবন পারিবারিক ভালোবাসা ও দুঃখের কথা সহজ ভাবে বুঝিয়েছেন।

উপরের অনুচ্ছেদটি পড়ে নিচের প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করে লেখো:-

ক) হরিহর রায় কেমন মানুষ ছিলেন?
খুব ধনী / নিষ্ঠুর / গরিব / অলস।

খ) হরিহর রায় অপুর কে হয়?
পিতা / জ্যাঠা / মামা / দাদা।

গ) দুর্গা কোন কাজটি করতে সবচেয়ে বা বেশি ভালোবাসতো?
পড়াশোনা করা / চারিদিকে ঘুরে বেড়াতে / শহরে ঘুরতে / রান্না করতে।

ঘ)অপু চরিত্রটি কেমন?
রাগী / কৌতুহলী / চঞ্চল ও সাহসী / উদাসীন।

ঙ) মন্তব্য: হরিহরের স্ত্রী সর্বজয়া।
কারণ: তিনি অপু এবং দুর্গার মা।

মন্তব্য ঠিক  কারণ ভুল / মন্তব্য ভুল কারণ ঠিক / মন্তব্য ও কারণ উভয়ই ভুল / মন্তব্য ও কারণ উভয়ই ঠিক।

চ) মন্তব্য: পথের পাঁচালী একটি বাস্তব
জীবনের গল্প।
কারণ: এই গল্পে শহরের ধনী পরিবারের
সুখ দুঃখ দেখানো হয়েছে।

মন্তব্য ঠিক কারণ ভুল / মন্তব্য ভুল কারণ ঠিক / মন্তব্য ও কারণ উভয়ই ঠিক / মন্তব্য ও কারণ উভয়ই ভুল।